বাংলাদেশ মহিলা পরিষদ

লিগ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

নারী ও কন্যাশিশু নির্যাতনের সংখ্যা (জানুয়ারি_ডিসেম্বর, ২০২১)

বাংলাদেশ মহিলা পরিষদে সংরক্ষিত ১৩ টি জাতীয় দৈনিক পত্রিকার সংরক্ষিত তথ্যের ভিত্তিতে-

ক্রম	নির্যাতনের ধরণ	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলা	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	মোট
১.	ধর্ষণ	৯১	৯৭	৯২	১০৪	৭৬	১১২	৫০	৯০	৯৩	৮৫	৬৫	৬৩	১০১৮
২.	দলবদ্ধ ধর্ষণ	১৫	১৯	১৩	২০	১৩	২৫	১৪	১২	১৭	১১	৯	১১	১৭৯
৩.	ধর্ষণের পর হত্যা	২	৫	২	২	৪	১	২	১	৫	৫	১	১	৩১
৪.	ধর্ষণের কারণে আত্মহত্যা	-	-	২	-	২	-	১	-	২	-	-	-	৭
৫.	ধর্ষণের চেষ্টা	৯	১৬	১৭	১৫	১২	১২	৯	২৬	১৫	৭	১১	৬	১৫৫
৬.	শ্লীলতাহানী	১	৪	৪	২	১	১	১	২	২	৪	১	১০	৩৩
৭.	যৌন নিপীড়ন	৬	৮	১০	৫	৭	১০	৫	৯	৮	৯	১৩	৫	৯৫
৮.	পিতৃত্বের দাবি	-	-	১	-	-	৩	-	-	-	-	-	-	৪
৯.	এসিডদগ্ধ	৩	২	২	২	-	২	২	১	-	৩	-	১	১৮
১০.	এসিডদগ্ধের কারণে মৃত্যু	-	-	-	-	-	-	-	-	৪	-	-	-	৪
১১.	অগ্নিদগ্ধ	-	১	২	৩	১	৩	১	-	-	২	-	-	১৩
১২.	অগ্নিদগ্ধের কারণে মৃত্যু	১	৪	৪		-	-	-	১	-	-	-	-	১০
১৩.	অপহরণ	১৮	১৩	১৬	২০	৭	২১	৬	১২	২২	১৮	২০	৭	১৮০
১৪.	অপহরণের চেষ্টা	-	-	-	-	৩	২	-	১	২	১	-	২	১১
১৫.	নারী ও শিশু পাচার	১	-	-	-	-	৭	-	২	২	২৯	-	১	৪২
১৬.	পতিতালয়ে বিক্রি	-	-	-	-	-	-	-	-	২	-	-	-	২
১৭.	যৌতুকের কারণে নির্যাতন	৪	৪	১১	১০	৬	৯	৭	৭	১৬	৪	৯	৬	৯৩
১৮.	যৌতুকের কারণে হত্যা	২	৫	৯	৬	৩	৫	২	১	৫	২	২	৩	৪৫
১৯.	শারীরিক নির্যাতন	১৫	২৬	৩৩	১২	৬	৭	১৩	১০	৩০	২৩	১০	২৩	২০৮
২০.	গৃহপরিচারিকা নির্যাতন	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
২১.	গৃহপরিচারিকা হত্যা	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
২২.	গৃহপরিচারিকার আত্মহত্যা	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
২৩.	হত্যা	৪১	১২	৪৯	৪০	৪১	৩৮	২৮	৩০	৪৩	৫১	৩৯	৩২	৪৪৪
২৪.	হত্যার চেষ্টা	-	৪	১১	৮	৬	৫	২	১২	৫	১৬	১৩	৫	৮৭
২৫.	রহস্যজনক মৃত্যু	২৯	৪৫	৪৩	৩১	৩৬	৪১	১৭	৩৪	৩৯	৪২	৩৬	৩৪	৪২৭
২৬.	আত্মহত্যা	৬	১৮	১৫	১২	৫	১১	১০	৫	-	১৯	৯	১১	১২১
২৭.	আত্মহত্যায় প্ররোচনা	১	-	-	১	১	-	-	-	-	-	-	১	৪
২৮.	আত্মহত্যার চেষ্টা	১	-	১	৩	১	-	-	৩	-	-	১	১	১১
২৯.	উত্ত্যক্ত	৩	৮	৩	১	২	৫	১	৩	৪	৬	৩	৬	৪৫
৩০.	উত্ত্যক্তের কারণে আত্মহত্যা	-	-	-	-	-	-	১	-	-	-	-	-	১
৩১.	প্রেমের প্রস্তাব প্রত্যাখান	-	১	-	২	-	-	-	১	-	-	-	-	৪
৩২.	ফতোয়া	-	-	-	-	-	-	-	১	১	-	-	-	২
৩৩.	বাল্যবিবাহ	৪	১০	৫	২	১	-	২	-	১৮৫	১	৭৪	-	২৮৪
৩৪.	বাল্যবিবাহের চেষ্টা	-	-	-	-	২	৬	১	৪	৫	৭	৬	১২	৪৩
৩৫.	জোরপূর্বক বিয়ে	-	-	-	-	১	-	-	-	-	-	-	-	১
৩৬.	পুলিশী নির্যাতন	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	
৩৭.	সাইবার ক্রাইম	৬	৬	৭	৫	৩	৩	৬	৬	৭	৫	২	৭	৬৩
৩৮.	অন্যান্য	-	-	-	-	-	-	-	-	১১	৪	২	১	১৮
মোট		২৫৯	৩০৮	৩৫২	৩০৬	২৪০	৩২৯	১৮১	২৭৪	৫২৫	৩৫৪	৩২৬	২৪৯	৩৭০৩

পত্রিকার নামঃ The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।

<u>জানুয়ারি- ডিসেম্বর, ২০২১ এর নারী ও কন্যাশিশু নির্যাতন বিষয়ে প্রাপ্ত তথ্য</u>

তারিখ: ০৩.০১.২০২২
বরাবর
বার্তা সম্পাদক সমীপে
দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল
সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১৩টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে ২০২১ সালের জানুয়ারি-ডিসেম্বর মোট ৩৭০৩ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের রিপোর্ট প্রসঙ্গে।

পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুসারে ২০২১ সালের জানুয়ারি-ডিসেম্বর মোট ৩৭০৩ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছে। ধর্ষণের শিকার হয়েছে ১২৩৫ জন তন্মধ্যে ৬২৯ জন কন্যাশিশুসহ ১০১৮ জন ধর্ষণের শিকার, ৬২ জন কন্যাশিশুসহ ১৭৯ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ২২ জন কন্যাশিশুসহ ধর্ষণের পর হত্যার শিকার ৩১ জন, ধর্ষণের কারণে আত্মহত্যা করেছে ৭ জন। এছাড়াও ৯৩ জন কন্যাশিশুসহ ১৫৫ জন ধর্ষণের চেষ্টা করা হয়েছে। ১৪ জন কন্যাশিশুসহ ৩৩ জন শ্লীলতাহানির শিকার হয়েছে। ৬২ জন কন্যাশিশুসহ ৯৫ জন যৌন নিপীড়নের শিকার হয়েছে। ৫ জন কন্যাশিশুসহ এসিডদগ্ধের শিকার হয়েছে ২২ জন তন্মধ্যে এসিডদগ্ধের কারণে ৪ জনের মৃত্যু হয়েছে। অগ্নিদগ্ধের শিকার হয়েছে ৩ জন কন্যাশিশুসহ ২৩ জন তন্মধ্যে অগ্নিদগ্ধের কারণে ১০ জনের মৃত্যু হয়েছে। ১৫৩ জন কন্যাশিশুসহ নারী ও কন্যাশিশু অপহরণ হয়েছে ১৮০ জন। এছাড়াও ৮ জন কন্যাশিশুসহ ১১ জনকে অপহরণের চেষ্টা করা হয়েছে। ৬ জন কন্যাশিশুসহ ৪২ জন নারী ও কন্যাশিশু পাচার করা হয়েছে। ২ জনকে পতিতালয়ে বিক্রি করা হয়েছে। ৩২ জন কন্যাশিশুসহ ৪৬ জন উত্ত্যক্তকরণের শিকার হয়েছে তন্মধ্যে ১ জন কন্যাশিশুসহ উত্ত্যক্তকরণের আত্মহত্যা করেছে ২ জন। ১ জন কন্যাশিশুসহ যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ১৩৮ জন, তন্মধ্যে ৪৫ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে। ৫৮ জন কন্যাশিশুসহ শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ২০৮ জন। বিভিন্ন কারণে ১১৪ জন কন্যাশিশুসহ ৪৪৪ জন নারী ও কন্যাশিশুকে হত্যা করা হয়েছে। এছাড়াও ১৯ জন কন্যাশিশুসহ ৮৭ জনকে হত্যার চেষ্টা করা হয়েছে। ১৩১ জন কন্যাশিশুসহ ৪২৭ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ৪৩ জন কন্যাশিশুসহ ১২১ জনের আত্মহত্যার ঘটনা ঘটেছে। আত্মহত্যার প্ররোচনার ঘটনা ঘটেছে ৪ টি। ৫ জন কন্যাশিশুসহ আত্মহত্যার চেষ্টা করেছে ১১ জন। প্রেমের প্রস্তাব প্রত্যাখানের ঘটনা ঘটেছে ৪টি। ফতোয়ার ঘটনা ঘটেছে ২টি। বাল্যবিবাহ সংক্রান্ত ঘটনা ঘটেছে ৩২৭ টি তন্মধ্যে প্রতিরোধ করা হয়েছে ৪৩ টি। ২৩ জন কন্যাশিশুসহ ৬৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। এছাড়াও ২৬ জন নারী ও কন্যাশিশু অন্যান্য নির্যাতনের শিকার হয়েছে।

উল্লেখ করা যায় যে, সংবাদ পত্রিকার রিপোর্ট অনুযায়ী গত ৭.১২.২০২১ তারিখ করোনাকালীন সময়ে শুধুমাত্র কিশোরগঞ্জ জেলাতেই মাদ্রাসার ২৬০টি ছাত্রীর বাল্যবিবাহের ঘটনা ঘটেছে। গত ৩.১০.২০২১ তারিখ করোনাকালীন সময়ে দীর্ঘ দেড় বছরে শুধুমাত্র টাঙ্গাইল জেলাতেই ১২৪২টি বাল্যবিবাহের ঘটনা ঘটেছে।

বার্তা প্রেরক-



মালেকা বানু
সাধারণ সম্পাদক
বাংলাদেশ মহিলা পরিষদ

সংযুক্তি: ১৩ টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঘটনার পেপার ক্লিপিং এর সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ২০২১ সালের নারী ও কন্যাশিশু নির্যাতনের সংখ্যা।
পত্রিকার নাম:
The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।